# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট

ওমর সুলতান ফাউন্ডেশন পরিচালিত প্রতিষ্ঠান


## ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্টে বিটেক স্নাতক ২০২৩ সমাবর্তন অনুষ্ঠিত




**"আমি বিশ্বাস করি ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের শিক্ষার্থীরা বাংলাদেশের এভিয়েশন সেক্টরে গুরুত্বপূর্ণ অবদান রাখবে" -** এয়ার ভাইস মার্শাল এ এস এম ফখরুল ইসলাম
(উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়)

২৭ মে শনিবার ২০২৩, বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়ে গেলো ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট এর বিটেক স্নাতক ২০২৩ সমাবর্তন। উক্ত অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের লেকচারার ও লিড ইন্টারনাল ভেরিফায়ার সাজিয়া ইসলাম ও লেকচারার নিশাত সাল-সাবিলা। পবিত্র কোরআন হতে তেলায়াত ও জাতীয় সংগীত গাওয়ার মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান(অব:) স্যার, এরপর সবার উদ্দেশ্য বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মোহাম্মাদ আলী স্যার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. এম. মিজানুর রহমান,প্রতিষ্ঠানের এডভাইসার উইং কমান্ডার এটিএম নজরুল ইসলাম(অব:), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় এর কনসালটেন্ট সালমান হাসান ডেভিড। এর পর নব্য গ্রাজুয়েটের হাতে সার্টিফিকেট তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় এর উপাচার্য এয়ার ভাইস মার্শাল এ এস এম ফখরুল ইসলাম মহোদয়। এছাড়াও প্রতিষ্ঠানে বিগত বছরে ভালো ফলাফলের স্বীকৃতি স্বরূপ "স্টুডেন্ট অব দ্যা ইয়ার" এর সনদ ও মেডেল প্রদান করেন।

সর্বশেষে প্রধান অতিথির বক্তব্যে এয়ার ভাইস মার্শাল এ এস এম ফখরুল ইসলাম মহোদয় নব্য গ্রাজুয়েটদেরকে অভিনন্দন জানান ও তাদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। এছাড়াও নতুন শিক্ষার্থীদের উদ্দেশ্যেও তিনি নানা দিকনির্দেশনা দেন। এধরনে অনুষ্ঠানে তাঁকে আমন্ত্রণ জানানোর জন্য কলেজ কতৃপক্ষকে ধন্যবাদ জানান। পুরো অনুষ্ঠান সুন্দর ও সুশৃঙ্খল পরিবেশে আয়োজনের জন্য কলেজ কতৃপক্ষের ভূয়সী প্রসংশা করেন। সর্বপরি কলেজের উন্নয়নে সার্বিক সহযোগীতার আশ্বাস দেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পরিবেশনায় জমকালে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যেমে দিনটি পালিত হয়।



### নবনিযুক্ত শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীকে স্বাগত ও অভিনন্দন

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এর সম্মাবর্তনে এসে নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, দক্ষ বাংলাদেশ গড়ার ক্ষেত্রে ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এর ছাত্র ছাত্রীদের অবদানকে আমি স্বাগত জানাই।

আমাদের সন্ড়ানদের কর্ম দক্ষতা বৃদ্ধির জন্য ওয়ার্ক রিলেটেড স্কিল এবং ভোকেশনাল এডুকেশন এ আমাদের ধাবিত করতে হবে এবং আমি বিশ্বাস করি ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এই পথেই এগিয়ে যাচ্ছে।

INTERLACE
BUILD YOUR DREAMS
STUDY ABROAD
UK|USA|CANADA|AUSTRALIA
EUROPE|CHINA|MALAYSIA
01953 38 08 02
www.interlaceuk.com

# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট" বাংলাদেশ এডুকেশন এক্সপো-২০২৩" এ অংশগ্রহন করে। এডুকেশন এক্সপো অনুষ্ঠিত হয় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, ঢাকায় উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি, এমপি। এছাড়াও উপস্থিত ছিলেন জনপ্রিয় ইনফ্লুয়েন্সার ও সোস্যাল এক্টিভিস্ট আয়মান সাদিক। মেলায় বিভিন্ন কোর্সের ওপরে আকর্ষণীয় সব ওয়েভার নিয়ে উপস্থিত ছিলো, বাংলাদেশের এভিয়েশন সেক্টরের স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান "ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট" সারাদিনই প্রতিষ্ঠানটির স্টলে ছিলো দর্শনার্থীদের উপচে পড়া ভিড়।




**বাংলাদেশ এডুকেশন এক্সপো-২০২৩ এ অংশগ্রহন করেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশন**

## জাতীয় দক্ষতা উন্নয়ন কতৃপক্ষের অনুমোদন পেল ইউনাইটেড কলেজ অব এভিয়েশন



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন "ন্যাশনাল স্কিলস ট্রেনিং প্রভাইডার" হিসেবে অনুমোদন পেয়েছে,যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়াধীন "জাতীয় দক্ষতা উন্নয়ন কতৃপক্ষ (এনএসডিএ)" দ্বারা পরিচালিত। ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সর্বদাই শিক্ষার্থীদের স্কিলড বেসড এডুকেশনে বিশ্বাসী। তারই ধারাবাহিকতায় "এনএসডি" এর অনুমোদন, শিক্ষার্থীদের স্কিলসড বেসড এডুকেশনের পথ বেগবান করবে।



## বিজয়ের ৫২

বিজয় দিবস উপলক্ষে ইউনাইটেড কলেজ অব এভিয়েশন আয়োজন করে "বিজয়ের ৫২"। উক্ত অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে পাঠ করে শুনান রাশেদুজ্জামান । এরপর জাতীয় সংগীত পরিবেশন করে নুসরাত, মুন্নি, অরণি, সোনালী ও সাধারণ শিক্ষার্থীরা। তারপর একে একে বিজয়ের কবিতা আবৃত্তি ও গান গেয়ে শুনান জোহানা,সোনালী, অরণি, অবনী, সুমাইয়া। নাচ নিয়ে দর্শকদের মন কেড়ে নিয়েছে তুলি, সুমাইয়া ও সায়মা। শহীদ জননী জাহানারা ইমামের একাত্তরের দিনগুলো থেকে পড়ে শুনান রাশেদুজ্জামান। শ্রাবণ ও তারদলের পরিবেশনায় ছিলো নাটক " ত্যাগ" উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উইং কমান্ডার এটি এম নজরুল ইসলাম স্যার, স্যার মুক্তিযুদ্ধে বিমান বাহিনী'র বীরত্বের কথা শুনান। আরো উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী এবং প্রতিষ্ঠানের প্রিন্সিপাল (ভারপ্রাপ্ত) উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অব:) ও ভাইস-প্রিন্সিপাল (এডমিন) উইং কমান্ডার সানজিদা শারমিন (অব:) ও অন্যান্য শিক্ষক মন্ডলী।



কর্মশালা

## হিউমেন পারফরমেন্স এন্ড লিমিটেশন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট ক্যাম্পাসে এরোনোটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠিত হলো "Comprehensive Knowledge on Human Performance and Limitation" বিষয়ক ওয়ার্কশপ।

উক্ত সেমিনারে ট্রেইনার হিসেবে উপস্থিত ছিলেন CAAB এর মেডিকেল এসেসর কর্নেল মোঃ আব্দুল খালেক (অবঃ)।

এছাড়াও ওয়ার্কশপে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের এডভাইজার উইং কমান্ডার এটিএম নজরুল ইসলাম (অবঃ)। দিনব্যাপী এই ওয়ার্কশপ শেষে অংশগ্রহণকারীদের হাতে সার্টিফিকেট তুলে দেওয়া হয়।




কেবিন ক্রুদের ব্যবহারিক সেশন "বাংলাদেশ বিমান বাহিনী যাদুঘর"এ অনুষ্ঠিত হয়েছে

২৬ জুলাই বুধবার ২০২৩, "ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট" এর কেবিন ক্রু-৫৫ তম ব্যাচের শিক্ষার্থীদের "বাংলাদেশ বিমান বাহিনী যাদুঘর" আগারগাঁও এ প্রাকটিক্যাল সেশন অনুষ্ঠিত হয়। উক্ত সেশনে বিমানের কেবিন, ককপিটসহ নানা বিষয়ে শিক্ষার্থীদের স্বশরীরে দেখানো ও শেখানো হয়। এমন আয়োজনে অংশ নিতে পেরে শিক্ষার্থীরা দারুন উচ্ছ্বসিত।

# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট

## "স্মার্ট বাংলাদেশ গড়তে এভিয়েশন সেক্টরে সিকিউরিটি বাড়ানো সবার আগে দরকার" - উইং কমান্ডার এম সাহিদুল রহমান (অবঃ)



শনিবার ২২ জুলাই ২০২৩, ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্টে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠিত হয়ে গেল "ওয়ার্কশপ অন এভিয়েশন সিকিউরিটি ইন বাংলাদেশ"।

উক্ত ওয়ার্কর্কশপে প্রধান স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন উইং কমান্ডার এম সাহিদুল রহমান (অবঃ), সিনিয়র সিকিউরিটি কনসালটেন্ট, সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ (CAAB) এছাড়াও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক জনাব মোহাম্মাদ আলী, এডভাইজার উইং কমান্ডার এটিএম নজরুল ইসলাম(অবঃ), ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অবঃ)। ওয়ার্কশপ শেষে অনুষ্ঠানের অতিথিবৃন্দ শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেন।

## শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে শিক্ষার্থীদের ফল সেমিস্টারের ব্যবহারিক সেশন অনুষ্ঠিত হয়েছে



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এর শিক্ষার্থীরা গত ২৬ সেপ্টেম্বর ২০২৩ শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে "বসুন্ধরা এয়ারওয়েজ লিমিটেড" এর Boeing 787 এবং 777 মডেলের দুইটি বিমান নিয়ে ব্যবহারিক অধিবেশনের অংশগ্রহন করেছিলো। এতে করে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা বিমান দুটির এয়ারফ্রেম মেকানিক্যাল সিস্টেম, ইঞ্জিন সম্পর্কে জ্ঞান অর্জন করেছে।



কর্মশালা

## খুটিনাটি যন্ত্র মিলেমিশে মন্ত্র

১৪ আগস্ট ২০২৩, সোমবার, "ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট" এ "খুটিনাটি যন্ত্র মিলেমিশে মন্ত্র" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত। উক্ত কর্মশালায় ইউনাইটেড কলেজ অব এভিয়েশন থেকে প্রদত্ত - বেসিক টুলকিট ব্যাগের ব্যবহার এবং একইসাথে ড্রোন ও বেসিক রোবোটিক্স বিষয়ে আলোচনা করা হয়।

প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে উক্ত ওয়ার্কশপে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের ভাইস প্রিন্সিপাল ইউং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অব:), আরও উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার তানজীর আহমেদ,ম্যানেজার প্রোগ্রাম, এছাড়াও অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ফ্যাকাল্টি মেম্বারগণ উপস্থিত ছিলেন। ওয়ার্কশপে স্পিকার হিসেবে ছিলেন রোবটিস্ট জয় বড়ুয়া লাভলু। উক্ত ওয়ার্কশপে শিক্ষার্থীদের হাতে হাতে কলমে প্রাকটিক্যাল কাজ নিজেদেরকে পারদর্শী হিসেবে গড়ে তুলতে ১৮ টি প্রাকটিক্যাল টুল প্রদান করা হয়। এই টুল বক্স পেয়ে দারুন উচ্ছ্বসিত শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা বলেন, প্রাকটিক্যাল কাজের জন্য ১৮ আইটেমের এই টুল বক্স তাদের ব্যবহারিক কাজের পরিধি এবং উৎসাহ বৃদ্ধিতে অনেক সহায়ক ভূমিকা পালন করবে। কতৃপক্ষের এই উদ্যোগকে তারা স্বাগত জানান এবং প্রতিষ্ঠানের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

## জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট" কতৃক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মোহাম্মাদ আলী, এডভাইজার উইং কমান্ডার এটিএম নজরুল ইসলাম (অবঃ), ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অবঃ)।

এছাড়াও বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ,শিক্ষক মন্ডলী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ১৫ আগস্ট নির্মমভাবে নিহত সকলের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া করা হয়।

# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট




## মাস্টারিং স্পেস টেকনোলজি" বিষয়ক ওয়ার্কশপ কর্মশালা অনুষ্ঠিত

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট ক্যাম্পাসে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ১৩ জুলাই, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের লেকচারার এসএম মেহেদী হাসানের সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয়ে গেলে "অরবিটিং পসিবিলিটিস : মাস্টারিং স্পেস টেকনোলজি" বিষয়ক ওয়ার্কশপ।

উক্ত সেমিনারে গেস্ট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন জনাব আরিফুল হাসান অপু, প্রেসিডেন্ট বাংলাদেশ ইনোভেশন ফোরাম ও ক্রু চীফ, স্পেস ইনোভেশন ক্যাম্প।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক জনাব মোহাম্মাদ আলী, ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অবঃ)। এছাড়াও বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও লেকচারারগণ উপস্থিত ছিলেন।

## এয়ারস্পেস বিষয়ক সেমিনার অনুষ্ঠিত




ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্টে সোমবার ০২ অক্টোবর ২০২৩ "Air Space Management Bangladesh" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

উক্ত সেমিনারে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে গেস্ট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন উইং কমান্ডার সানজিদা শারমিন, এটিসি (অব:), বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের এডভাইজার উইং কমান্ডার এটিএম নজরুল ইসলাম(অব:), এছাড়াও উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক মোহাম্মাদ আলী, প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ।




## ইউনাইটেড কলেজ অব এভিয়েশনে সনদ বিতরণ ও নবীন বরণ অনুষ্ঠিত

১১ নভেম্বর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো: আলী আকবর খানের উপস্থিতিতে



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সাইন্স এন্ড ম্যানেজমেন্টে ফ্রেশারস ওরিয়েন্টেশন ও বিটেক সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে, উক্ত অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও শিক্ষকগণ। অনুষ্ঠানে বক্তারা এভিয়েশন ক্যারিয়ার ও সম্ভাবনা নিয়ে নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য তুলে ধরেন। বিটেক লেভেল-৩ গ্রেজুয়েশন কৃত শিক্ষার্থীদের মধ্যে সনদ প্রদান এবং কৃতি শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়।

## মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন এর স্প্রিং-২০২৩ সেমিস্টারে অসাধারণ ফলাফলের স্বীকৃতি স্বরূপ ইউনাইটেড কলেজ অব এভিয়েশন কতৃপক্ষ মেরিট স্কলার্সশীপ প্রদান করে। অনুষ্ঠানে স্কলার্সশীপ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের আর্থিক পুরষ্কার ও সনদ প্রদান করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, জনাব আলী আকবর খান। অনুষ্ঠানের সন্মানিত অতিথিবৃন্দ এসকল কৃতী শিক্ষার্থীদের সনদপত্র ও মেডেল তুলে দেন । আলী আকবর খান স্যার বলেন, "আগামীর এভিয়েশন দুনিয়ায় বাংলাদেশকে আরও এগিয়ে নিয়ে যেতে এবং এভিয়েশন সেক্টরের উন্নয়নে ইউনাইটেড কলেজ অব এভিয়েশন এর এই নিরলস প্রচেষ্ঠা অব্যাহত থাকবে"।

# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট

## স্মার্ট বাংলাদেশে স্মার্ট ডাস্টবিন মেকিং কর্মশালা।

স্মার্ট বাংলাদেশ তৈরী'র লক্ষ্যে ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের ছাত্র জয় বাংলা অ্যাওয়ার্ড প্রাপ্ত তরুণ বিজ্ঞানী জয় বড়ুয়া লাভলু'র ঘন্টাব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্টে'র নিজস্ব ক্যাম্পাসে।

রোবো লাইফের প্রতিষ্ঠাতা রোবটিক্স বিজ্ঞানী জয় বড়ুয়া শিক্ষার্থীদেরকে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ব্যবহার করে কীভাবে স্মার্ট ডাস্টবিন তৈরী করা যায় তা হাতে কলমে শিখিয়েছেন।

এতে শিক্ষার্থীরা আল্টাসোনিক সেন্সর এবং অডিনো'র মত জটিল বিষয় নিয়ে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী এবং প্রতিষ্ঠানের ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অব:) স্যার ও জেনারেল ম্যানেজার উইং কমান্ডার সানজিদা শারমিন (অব:) ম্যাডাম ও অন্যান্য শিক্ষক মন্ডলী।

প্রতিষ্ঠানের এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী বলেন আমাদের প্রতিষ্ঠানের প্রতিটি শিক্ষার্থী'কে আমরা কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করতে চাই।






## ইনডোর গেমিং প্রতিযোগিতা-২০২৩

১০ ডিসেম্বর, রবিবার ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্টের নিজস্ব ক্যাম্পাসে স্পোর্টস ক্লাব আয়োজিত ইনডোর গেমস প্রতিযোগিতাটি বিভিন্ন বিভাগের প্রধান, শিক্ষকবৃন্দ এবং সকল শিক্ষার্থীরাদের নিয়ে অনুষ্ঠিত হয়েছিল। এ বছরের আয়োজনে ছিল দাবা, লুডু, ক্যারাম, মিউজিকাল চেয়ার এবং পিলোপাসিং এর মতো ইন্টারিস্টিং সব গেম।





## সেমিনার অন আন্ডার ওয়াটার রিসার্চ



রিসার্চ এন্ড ইনোভেশন ক্লাবের আয়োজনে ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হলো "সেমিনার অন আন্ডার ওয়াটার রিসার্চ " উক্ত সেমিনারের মূল অলোচক ছিলেন নাঈম হোসেন সৈকত, ম্যানেজিং ডিরেক্টর,ডুবোটেক। তিনি তার নিজের গবেষণা থেকে শুরু করে এই ডুবোটেক এর সাফল্যের কথা শেয়ার করেছেন শিক্ষার্থীদের সাথে।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল (ভারপ্রাপ্ত) উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অব:) স্যার ও অন্যান্য ডিপার্টমেন্ট হেড ও শিক্ষার্থীরা।

## লেভেল-৩ সনদ বিতরণ অনুষ্ঠিত




"ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট" এর লেভেল-৩ ইন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং সম্পন্ন গ্রাজুয়েটগণকে ১১ নভেম্বর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো: আলী আকবর খান সনদ তুলে দেন। এতে শিক্ষার্থীগণের উচ্চ শিক্ষার পথ আরো তরান্বিত হয়েছে। অনুষ্ঠানে আলী আকবর খান স্যার বলেন, "আমি বিশ্বাস করি, আজকের এই শিক্ষার্থীরা আগামী দিনে বাংলাদেশের এভিয়েশন সেক্টরকে তাদের জ্ঞান, মেধা, বুদ্ধি ও মননশীল চিন্তা দিয়ে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।"



## বিমান বাহিনী যাদুঘর পরিদর্শন ২০২৩

শনিবার ০২ ডিসেম্বর ২০২৩,"ইউনাইটেড কলেজ অব এভিয়েশন" এর নতুন ব্যাচের শিক্ষার্থীদের "বাংলাদেশ বিমান বাহিনী যাদুঘর পরিদর্শন " আগারগাঁও এ প্রাকটিক্যাল সেশন অনুষ্ঠিত হয়েছে। প্রতিষ্ঠানের অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর প্রত্যক্ষ তত্বাবধানে এই সেশন অনুষ্ঠিত হয়। উক্ত সেশনে বিমানের কেবিন, ককপিটসহ নানা বিষয়ে শিক্ষার্থীদের স্বশরীরে দেখানো ও শেখানো হয়। এমন আয়োজনে অংশ নিতে পেরে শিক্ষার্থীরা দারুন উচ্ছ্বসিত। এমন বাস্তব ভিত্তিক সেশন আয়োজনের জন্য শিক্ষার্থীরা প্রতিষ্ঠান কতৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তারা বলেন তাত্বিক জ্ঞানের পাশাপাশি বাস্তব ভিত্তিক ব্যবহারিক সেশন আমাদের জন্য খুবই উপকারি।

# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট



## তিন দিন ব্যাপী কৃতী শিক্ষার্থী সংবর্ধনা

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট কতৃক এইচএসসি বিজ্ঞান বিভাগ থেকে উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে। ৩ দিন ব্যাপী সংবর্ধনায় তিন শতাধীক শিক্ষার্থীকে এই সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের রজনীগন্ধার ফুল দিয়ে বরন করে নেয় প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।



উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের এডভাইজার উইং কমান্ডার (অব:) এটিএম নজরুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মোহাম্মদ আলী, প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান(অব:) ,ভাইস প্রিন্সিপাল, উইং কমান্ডার (অব:) সানজিদা শারমিন। কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার দেয়া হয়। এছাড়াও বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক ও কর্মকর্তা,শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে কৃতী শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেন অনুষ্ঠানের অতিথিবৃন্দ।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট'র স্থায়ী ক্যাম্পাসে শতভাগ স্কলারশিপসহ আজ প্রায় সাড়ে ছয় লক্ষ টাকার শিক্ষাবৃত্তির ঘোষণা দেন প্রতিষ্ঠানের এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী । অনুষ্ঠানে ক্যারিয়ার বিষয়ক গাইডলাইন দেন প্রোগ্রাম ম্যানেজার তানজীর আহমেদ। এবং শিক্ষার্থীদের লাইফ স্কিল্ড হয়ে নিজেকে গড়ে তোলার আহবান করেন মোহাম্মদ আলী স্যার। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে , বিশেষ অতিথি হিসেবে হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মোহাম্মদ আলী, প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অব:) স্যার, ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার (অব:) সানজিদা শারমিন ও ও অন্যান্য ডিপার্টমেন্ট হেড ও শিক্ষার্থীরা। সংবর্ধনা প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে থেকে আদেশ তার অনুভুতি শেয়ার করেন। অনুষ্ঠান শেষে কৃতী শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট ও



সার্টিফিকেট তুলে দেন অনুষ্ঠানের অতিথিবৃন্দ। অনুষ্ঠান শেষে সবাইকে মিষ্টিমুখ করানো হয়।

### "প্রেজেন্টেশন স্কিল ডেভেলপমেন্ট" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



১২ ডিসেম্বর ২০২৩ ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের নিজস্ব ক্যাম্পাসে রিসার্চ অ্যান্ড ইনোভেশন ক্লাবের আয়োজনে প্রেজেন্টেশন স্কিল ডেভেলপমেন্ট শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারের মাধ্যমে শিক্ষার্থীরা প্রেজেন্টেশন স্কিল ডেভেলপমেন্ট ও পর্যাপ্ত প্রেজেন্টেশনের গুরুত্ব বুঝতে এবং শিখতে পারেন।

### অনুষ্ঠিত হলো আন্তঃ বিভাগীয় স্পোর্টস টুর্নামেন্ট



ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের এরোনোটিকাল ও কম্পিউটার সাইন্স বিভাগের মধ্যে স্পোর্টস টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এতে বিজয়ী দলকে পুরষ্কার তুলে দেন প্রতিষ্ঠানের ম্যানেজিং ডিরেক্টর মোহাম্মদ আলী স্যার।

# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট

## ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের ইন ফ্লাইট ট্রেনিং ২০২৪ অনুষ্ঠিত

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট এর "এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং" ডিপার্টমেন্টের দুটি ব্যাচকে নিয়ে গত ১৩ই জানুয়ারি ২০২৪, রোজ শনিবার অনুষ্ঠিত হলো ঢাকা টু চট্টগ্রাম "ইন ফ্লাইট ট্রেনিং"। এই ইন ফ্লাইট ট্রেনিং কে সফল করার জন্য সাহায্য করেছে "বিমান বাংলাদেশ এয়ার-লাইনস" ও "ইউএস বাংলা এয়ারলাইনস"। সম্পূর্ণ




ইন ফ্লাইট ট্রেনিং জুরে সাথে ছিলেন অত্র প্রতিষ্ঠানের ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অব:) স্যার এবং ডিপার্টমেন্টের শিক্ষকবৃন্দ।

ঢাকা থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে "হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর" থেকে "বিমান বাংলাদেশ এয়ারলাইনস" (Flight no : BG611 , Aircraft type : DASH 08 Q 400) এর সাথে ভোর ৬ টায় সকলকে নিয়ে আমাদের যাত্রা শুরু হয়। এরপর "শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর" পৌঁছে সকল শিক্ষার্থীদের পোস্ট ফ্লাইট নিয়ে একটা ব্রিফিং দেয়া হয় এবং এই ব্রিফিংটি করেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট এর এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের লেকচারার এস এম মেহেদি হাসান স্যার। এরপর এক এক করে বাটারফ্লাই পার্ক, বোট ক্লাব, গল্ফ ক্লাব, পতেঙ্গা সি বিচ, কর্ণফুলী টানেলে নিয়ে যাওয়া হয়। এর মাঝে সকল শিক্ষার্থীদের জন্য সকালের নাস্তা এবং দুপুরের খাবারের আয়োজন






করা হয়। ঘোরাঘুরি শেষ করে চট্টগ্রাম থেকে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা দেয়ার জন্য "শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সন্ধ্যা ৭ :২০ মিনিটের ফ্লাইটে "ইউএস বাংলা এয়ার-লাইনস" (Flight no: BS 116, Aircraft Type: ATR 72-600) এর সাথে যাত্রা শুরু হয়। এরপর "হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর" এ পৌঁছে সকল শিক্ষার্থীদের আবারো পোস্ট ফ্লাইট ব্রিফিং করা হয়।



সবশেষে "ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট" এর আয়োজিত ইন ফ্লাইট ট্রেনিংয়ে অংশগ্রহণ করে পাশে থাকার জন্য সকল শিক্ষার্থীদের ধন্যবাদ জানাচ্ছি। এবং আরো ধন্যবাদ জানাচ্ছি "বিমান বাংলাদেশ এয়ারলাইনস" ও "ইউএস বাংলা এয়ারলাইনস" কে আমাদের সকলকে আনন্দময় পরিবেশ একটি নিরাপদ ভ্রমণ দেয়ার জন্য।

## শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে শিক্ষার্থী-দের ফল সেমিস্টারের ব্যবহারিক সেশন অনুষ্ঠিত হয়েছে



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এর শিক্ষার্থীরা গত ২৩ ডিসেম্বর ২০২৩ শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে "বসুন্ধরা এয়ারওয়েজ লিমিটেড" এর Agusta Westland AW119 এবং Robinson R 66 মডেলের দুইটি হেলিকপ্টার নিয়ে ব্যবহারিক অধিবেশনের আয়োজন করেছিলো। এতে করে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা হেলিকপ্টার দুটির এয়ারফ্রেম মেকানি-ক্যাল সিস্টেম, ইঞ্জিন এবং ককপিটের বিভিন্ন যন্ত্র সম্পর্কে জ্ঞান অর্জনের সুযোগ পেয়েছে। এত সুন্দর আয়োজনে সহযোগিতা করার জন্য "ক্যাব" ও বসুন্ধরা এয়ারওয়েজ লিমিটেড কর্তৃপক্ষকে বিশেষ ধন্যবাদ জানানো হয় ইউনাইটেড কলেজ অব এভিয়েশন এর পক্ষ থেকে।

# ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট



## শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে শিক্ষার্থীদের ব্যবহারিক সেশন অনুষ্ঠিত

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (ইউসিএএসএম) এর শিক্ষার্থীরা ১১ জুলাই ২০২৩, মঙ্গলবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ইউএস-বাংলা এয়ারলাইনসে এক দিনের ব্যবহারিক অধিবেশনের আয়োজনে অংশগ্রহন করে। এতে করে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা Bombardier DHC-8-400 (রেজিস্ট্রেশন নং: S2-AGV) বিমানের এয়ারফ্রেম মেকানিক্যাল সিস্টেম, ইঞ্জিন এবং ককপিটের বিভিন্ন যন্ত্র সম্পর্কে জ্ঞান অর্জনের সুযোগ পেয়েছে।

## সলিমউদ্দীন চৌধুরী বিশ্ববিদ্যালয় কলেজে শিক্ষার্থীদের সংবর্ধনা



১০ই জানুয়ারি ২০২৪, রোজ বুধবার প্রায় ৭০ জন কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী স্যার। উক্ত সময়ে উপস্থিত ছিলেন সলিমউদ্দীন চৌধুরী কলেজের সম্মানিত প্রিন্সিপাল জনাব মো: জাহাঙ্গীর মালুল ও রসায়ন বিভাগের শিক্ষকগণ। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট এর প্রিন্সিপাল উইং কমান্ডার একেএম মাছুদুজ্জামান (অব:) স্যার, ভাইস প্রিন্সিপাল উইং কমান্ডার (অব:) সানজিদা শারমিন ও অন্যান্য শিক্ষকগণ। মোহাম্মদ আলী স্যার শিক্ষার্থীদেরকে তাদের উচ্চশিক্ষা এবং ক্যারিয়ার গাইডলাইন প্রদান করে। অনুষ্ঠানের শুরুতে সলিমউদ্দীন চৌধুরী বিশ্ববিদ্যালয় কলেজে এইচএসসি প্রথম বর্ষ এবং দ্বিতীয় বর্ষের ১৫০ জন শিক্ষার্থীদের নিয়ে "এভিয়েশন ক্লাব" গঠন করা হয়েছে।

## বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীদের কিছু কথা



### জিসান আলফি
ব্যাচঃ১৭, লেভেলঃ৫, এরোনটিকাল ইঞ্জিনিয়ারিং

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্টের আছে আন্তর্জাতিক মানের ক্লাস রুম, প্রান্টিক্যাল ল্যাব এবং দক্ষ শিক্ষকমন্ডলি। যা আমাকে আমার লক্ষ্যের দ্বারে পৌছাতে সাহায্য করছে। এখানকার শিক্ষকরা বন্ধু সুলভ হওয়ায় সবসময় আমাদের পাশে থাকে।



### সামিহা গনি আলিফ রোজা
ব্যাচঃ১৫, লেভেলঃ৫, এরোনটিকাল ইঞ্জিনিয়ারিং

আমি ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্টের থেকে লেভেল ৫ সম্পন্ন করেছি এবং খুব শিগ্রই টপ আপ করার জন্য ইউকের স্বনামধন্য বিশ্ববিদ্যালয় সাইথওয়েলসে পড়তে যাচ্ছি। বর্তমানে আমি বসুন্ধরা এয়ারনাইন্সে অন জব ট্রেইনিং প্রোগ্রামে আছি যা ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্টের শিক্ষকদের একান্ত প্রচেষ্টার কারনে সফল হয়েছে। আমি আমার শিক্ষকদের প্রতি কৃতজ্ঞ কারন তারা আমার এই পথ চলাকে আরো বেগবান ও সহজ করেছে।

ধন্যবাদ ইউনাই কে আমার এই পথ চলায় আমার পাশে থাকার জন্য।



### রাশেদুজ্জামান রাশেদ
ব্যাচঃ১৩, লেভেলঃ৩, এরোনটিকাল ইঞ্জিনিয়ারিং

ছোটবেলা থেকেই উড়ার স্বপ্ন ছিল, সেই স্বপ্ন থেকেই বিমানের প্রতি আকৃষ্ট হই। আমি বড় হওয়ার সাথে সাথে আকর্ষণটি ভালবাসায় পরিণত হয়েছিল। হ্যাঁ, এবং সেই ভালবাসা থেকেই, আমি একজন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার হওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম। আজ ইউনাইটেড কলেজ অফ এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট আমার স্বপ্নকে পূরণ করার জন্য আমাকে সমস্ত উপায়ে সমর্থন করছে। একজন নিখুঁত অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার তৈরি করার জন্য ইউসিএএসএম-এর সমস্ত সুবিধা রয়েছে। আমি এই কলেজের কাছে চির কৃতজ্ঞ থাকব।

সম্পাদকঃ উইং কমান্ডার একেএম মাসুদুজ্জামান (অবঃ) এবং
ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সাইন্স এন্ড ম্যানেজমেন্ট
সেক্টর-০৩, রোড-০৪, বাড়ী-১৬, উত্তরা, ঢাকা-১২৩০, থেকে প্রকাশিত। ফোনঃ ৪৮৯৬১৮৩১, ০১৭৪৯ ৩০৬০৯০, ০১৯৭০ ৬০৮০৭০, www.uca.edu.bd